

জেলা

আইপিডিসি-প্রথম আলো প্রিয় শিক্ষক সম্মাননা

‘শিক্ষকেরা সম্মানিত হলেই সমাজ ও রাষ্ট্র এগিয়ে যাবে’

প্রতিনিধি নারায়ণগঞ্জ

প্রকাশ: ০৯ আগস্ট ২০২৫, ২২: ১৫



নারায়ণগঞ্জে সুধী সমাবেশ শুরুর আগে উত্তরায় বিমান বিধ্বস্তের ঘটনায় নিহত ব্যক্তিদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। শনিবার বিকেলে নগরের আলী আহম্মদ চুনকা নগর পাঠাগার মিলনায়তনের পরীক্ষণ হলে ছবি: প্রথম আলো

একটি রাষ্ট্রের জন্য নৈতিক মূল্যবোধসম্পন্ন আদর্শবান শিক্ষক অপরিহার্য। শিক্ষকদের মর্যাদা ছাড়া রাষ্ট্র কখনো সুস্থ হতে পারে না, সেই শিক্ষাব্যবস্থা ভেঙে পড়ে। শিক্ষকেরা সমাজের আলোকবর্তিকা। তাঁরা সম্মানিত হলেই সমাজ ও

রাষ্ট্র এগিয়ে যাবে। এ জন্য শিক্ষকবান্ধব সরকারের প্রয়োজন। কারণ, একজন শিক্ষকই পারেন আলোকিত সমাজ ও রাষ্ট্র তৈরি করতে।

নারায়ণগঞ্জে ‘আইপিডিসি-প্রথম আলো প্রিয় শিক্ষক সম্মাননা ২০২৫’ উপলক্ষে আয়োজিত সুধী সমাবেশে আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মো. আসাদুজ্জামান এ কথা বলেন।

আজ শনিবার বিকেলে নগরের আলী আহম্মদ চুনকা নগর পাঠাগার মিলনায়তনের পরীক্ষণ হলে এ সুধী সমাবেশের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নারায়ণগঞ্জের বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থী, কবি-সাহিত্যিক, লেখক, সাংবাদিকসহ বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতারা অংশ নেন।

অনুষ্ঠানের শুরুতে রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল ও কলেজে যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় নিহত ব্যক্তিদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। সুধী সমাবেশে ‘আখতার স্যার’ ও ‘মজুমদার স্যার’ শিরোনামে দুটি ভিডিও চিত্র দেখানো হয়। শিক্ষকদের প্রতি সম্মান জানানোর ভিডিও দেখে উপস্থিত সবাই আবেগান্বিত হয়ে পড়েন।

নারায়ণগঞ্জ আইডিয়াল স্কুলের অধ্যক্ষ আনোয়ার হোসেন বলেন, মেধাবীরা প্রশাসন ক্যাডার, চিকিৎসক, প্রকৌশলীসহ বিভিন্ন পেশায় গেলেও কেউ শিক্ষকতা পেশায় আসতে চান না। কারণ, শিক্ষকদের আর্থিক দুরবস্থা। মেধাবীরা এগিয়ে না এলে উন্নত জাতি গঠন সম্ভব হবে না। তাই শিক্ষকতা পেশায় মেধাবীদের এগিয়ে আসতে হবে।

নবীগঞ্জ গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সাইরা খানম বলেন, শৈশবে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষককে দেখে তিনি শিক্ষকতা পেশায় এসেছেন। একজন শিক্ষক ক্লাসের আইডল। তাঁকে অনুসরণ করে ক্লাসের শিক্ষার্থীরা।

আইপিডিসি ফাইন্যান্সের রিটেইল বিজনেস হেড অব পারসোনাল লোন হুমায়ুন রেজা মর্তুজা বলেন, আইপিডিসি শিক্ষকদের কথা চিন্তা করে প্রজ্ঞা নামের একটি ঋণ প্রকল্প নিয়ে এসেছে। এর মাধ্যমে শিক্ষকদের স্বপ্ন পূরণে বাড়ি নির্মাণ কিংবা গাড়ি কেনার জন্য ঋণ দিচ্ছেন তাঁরা। আইপিডিসি সব সময়ই চায় শিক্ষকদের পাশে থাকতে।

নারায়ণগঞ্জের সাংস্কৃতিক ব্যক্তিত্ব রফিউর রাক্বি তাঁর বক্তব্যে বলেন, ‘শিক্ষকদের নিয়ে আমাদের অনেক হতাশার ও লজ্জার কথা রয়েছে। কিন্তু এই যে মাইলস্টোন স্কুলে বিমান বিধ্বস্তের ঘটনায় শিক্ষক মাহেরীন চৌধুরী তিনি নিজের জীবন দিয়ে ২০ জন শিক্ষার্থীর জীবন বাঁচিয়েছেন, এটি আমাদের আশাবিত্ত করে। আমাদের মধ্যে এ রকম অনেক শিক্ষক ছড়িয়ে-ছিটিয়ে আছেন, আমরা হয়তো তাঁদের সম্পর্কে জানি না। তাঁরা আছেন বলেই আমাদের বিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানগুলো টিকে আছে।’

শিক্ষকদের সম্মাননা দেওয়ার উদ্যোগ নেওয়ায় আইপিডিসি-প্রথম আলোকে ধন্যবাদ জানিয়ে নারায়ণগঞ্জ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আফজাল হোসেন বলেন, শিক্ষকদের সংকট সমাধানে সরকারকে উদ্যোগী হতে হবে। শিক্ষকদের অবদানে উন্নত জাতি গড়ে উঠবে।

শেষে ধন্যবাদ জানিয়ে বক্তব্য দেন প্রথম আলোর হেড অব ডিপ নিউজ রাজীব আহমেদ। তিনি বলেন, ‘শিক্ষকদের রাষ্ট্রীয় বা প্রাতিষ্ঠানিকভাবে সম্মানিত করার কোনো উদ্যোগ নেই। সেই ভাবনা থেকে পঞ্চমবারের মতো আইপিডিসি ও প্রথম আলোর উদ্যোগে প্রিয় শিক্ষক সম্মাননা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আপনারা আপনাদের সেই প্রিয় শিক্ষকদের নাম যদি মনোনয়ন দেন, সারা দেশ থেকে বাছাই করে তাঁদের সম্মাননা দেওয়া হবে।’

প্রথম আলো বন্ধুসভার নারায়ণগঞ্জের সাধারণ সম্পাদক মৌন লাকীর সঞ্চালনায় সুধী সমাবেশে স্বাগত বক্তব্য দেন প্রথম আলোর নারায়ণগঞ্জ প্রতিনিধি মজিবুল হক। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক তানভীর হাসান, নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মাজেদা আক্তার, নারায়ণগঞ্জ নাগরিক কমিটির সভাপতি এ বি সিদ্দিক, নারায়ণগঞ্জ সাংস্কৃতিক জোটের সাবেক সভাপতি ভবানী শংকর রায়, সাধারণ সম্পাদক ধীমান সাহা, কমিউনিস্ট পার্টির নারায়ণগঞ্জ জেলার সভাপতি হাফিজুল ইসলাম, সাধারণ সম্পাদক শিবনাথ চক্রবর্তী প্রমুখ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আইপিডিসির নারায়ণগঞ্জ শাখার ভারপ্রাপ্ত ব্যবস্থাপক নাহিদুর রহমান, বেইলি স্কুলের প্রধান শিক্ষক মঞ্জুরুল হক, নারায়ণগঞ্জ গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ নিলুফা ইয়াসমিন, বন্দর বিবি জোড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিজয় কর্মকার, প্রথম আলো বন্ধুসভা নারায়ণগঞ্জের সভাপতি নয়ন আহমেদ, সাবেক সভাপতি সাব্বির আল ফাহাদ, উজ্জ্বল উচ্ছ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতা ছিলেন নারায়ণগঞ্জ বন্ধুসভার সদস্যরা। অনুষ্ঠানে জাতীয় সংগীত ও দেশাত্মবোধক গান পরিবেশন করেন আনন্দধারা সাংস্কৃতিক সংসদের শিল্পীরা।

২০১৯ সাল থেকে প্রিয় শিক্ষক সম্মাননা দেওয়া শুরু হয়। এবার পঞ্চমবারের মতো এই সম্মাননা দেওয়া হবে আগামী অক্টোবরে। আয়োজকেরা জানান, শিক্ষকদের সম্মান জানাতে আইপিডিসি ফাইন্যান্স পিএলসি ও প্রথম আলোর যৌথ উদ্যোগে পঞ্চমবারের মতো ‘আইপিডিসি-প্রথম আলো প্রিয় শিক্ষক সম্মাননা ২০২৫’ শুরু হয়েছে। আগ্রহী ব্যক্তিরা অনলাইনে (www.priyoshikkhok.com) এই ওয়েবসাইটের মাধ্যমে মনোনয়ন করতে পারবেন। চলতি বছর প্রাথমিক ও মাধ্যমিক, দুই ক্যাটাগরি থেকে মোট সাতজন শিক্ষককে ‘প্রিয় শিক্ষক সম্মাননা ২০২৫’ দেওয়া হবে। এ সম্মাননার জন্য মনোনয়নযোগ্য শিক্ষক হতে হলে তাঁর বয়স কমপক্ষে ৪০ বছর হতে হবে। কর্মরত বা অবসরপ্রাপ্ত—উভয় অবস্থাতেই মনোনয়নযোগ্য। মনোনয়নদাতা ও শিক্ষক উভয়কেই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং এক ব্যক্তি সর্বোচ্চ তিনজন শিক্ষককে মনোনয়ন দিতে পারবেন।

